গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়
ফেনী।
www.dss.feni.gov.bd

সভা নং- ০৩/২০২৩ খ্রি.

সভার কার্য বিবরণী

সভার নাম : জেলা সমাজসেবা কার্যালয়, ফেনীর আওতাধীন বিভিন্ন কার্যালয় ও প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভা।
সভার তারিখ ও সময় : ১৪-০৩-২০২৩ খ্রিঃ, সময়- সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা সমাজসেবা কার্যালয়, ফেনী।
সভাপতি : সাইফুল ইসলাম চৌধুরী, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফেনী।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক' তে প্রদত্ত হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুসারে ধারাবাহিকভাবে আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক জনাব মো: শহীদ উল্যাহ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদনের জন্য মত প্রকাশ করা হয়। **সিদ্ধান্ত:** বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।	কর্মকর্তা (সকল)
২	ভাতা সংক্রান্ত আলোচনা	সভাপতি জানান ইতোমধ্যে প্রতি মাসে ভাতা সংক্রান্ত কাজের সুবিধার্থে পেরোল ক্যালেন্ডার প্রস্তুতসহ ভাতা ভোগীদের পেরোল যথাসময়ে দেওয়ার নিমিত্তে প্রতিস্থাপন তালিকা প্রস্তুতের সিদ্ধান্ত গ্রহণ করা হযেছিল। উক্ত সিদ্ধান্তের আলোকে উপজেলা ইউনিটসমূহের বাস্তবায়ন অগ্রগতি তথ্য সকলের নিকট জানতে চান। তদপ্রেক্ষিতে কর্মকর্তাগণ নিম্নের বর্ণনানুযায়ী তথ্য সভায় উপস্থাপন করেন:- পরশুরাম উপজেলা অফিসার জানান পেরোল ক্যালেন্ডার অনুসারে কাজ চলমান আছে। ফুলগাজী উপজেলা অফিসার জানান প্রতিস্থাপন তালিকা চুড়ান্ত পর্যায়ে আছে। প্রিন্ট করা তালিকার মাধ্যমে ফোন করে ভাতাভোগীর মৃত্যুর তথ্য নিশ্চিত হয়ে প্রতিস্থাপনের কাজ চলমান রয়েছে। ফেনী সদর উপজেলা অফিসার জানান ইউনিয়ন হতে মৃত তালিকা পাওয়া যায়নি। প্রতিবন্ধী শিক্ষার্থীর স্তর পরিবর্তন জটিলতায় পেরোল প্রেরণ স্থগিত আছে। ছাগলনাইয়া উপজেলায় প্রতিস্থাপনের নিমিত্তে আবেদন পাওয়া যায়। প্রতিস্থাপন প্রক্রিয়া শীঘ্রই শেষ করা হবে। ইউসিডি অফিসার জানান পূর্বে যথারীতি প্রতিস্থাপন করা হয়েছে, ৩য় কিস্তিতে প্রতিস্থাপন করা সম্ভব হয়নি। পরবর্তীতে নিয়মিত প্রতিস্থাপনপূর্বক পেরোল প্রদান করা হবে। দাগনভুঞা অফিসার জানান প্রতিবন্ধী ভাতার বাকি নিয়মিত ১১ জনের মনোনয়ন উপজেলা কমিটির রেজুলেশনসহ তালিকা চূড়ান্ত করা হয়েছে। প্রতিস্থাপন সংক্রান্ত সভার রেজুলেশন সম্পন্ন হয়েছে। সোনাগাজী উপজেলা অফিসার জানান মৃত ব্যক্তি শনাক্তকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগীদের তালিকা প্রেরণ করা হয়েছে। এখনো মৃত তালিকা পাওয়া যায়নি। **সিদ্ধান্ত:** ১) প্রতিমাসে প্রতিস্থাপনকৃত ভাতাভোগীর তালিকা নিজ উপজেলায় সংরক্ষণ এবং এক কপি জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। ২। প্রত্যেক কিস্তির পূর্বেই ক্যালেন্ডার অনুযায়ী প্রতিস্থাপন করে পেরোল প্রদান করতে হবে। ৩। ইউনিয়ন পরিষদে প্রতিস্থাপন সংক্রান্ত বিষয়ে মৃত ব্যক্তির তথ্য চেয়ে চিঠি দিতে হবে। ৪। প্রতিস্থাপনের নিমিত্তে এম.আই.এস তালিকা হতে অধিক বয়স্ক ব্যক্তি নির্ধারণপূর্বক মাসিক ভিত্তিতে লাইভ ভেরিফিকেশন বা ভাতাভোগীর জীবিত আছে কিনা তা নিশ্চিত করতে হবে। ৫। মোবাইল নম্বর পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কারণ উল্লেখপূর্বক নির্দিষ্ট ফরমে আবেদন গ্রহণ করতে হবে। আবেদনপত্রে মেম্বার/ চেয়ারম্যানের স্বাক্ষরসহ ভাতাভোগীর উপস্থিতি নিশ্চিতপূর্বক মোবাইল নম্বর পরিবর্তন করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)।
৩	সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর অগ্রগতি সংক্রান্ত আলোচনা	সভাপতি জানান পরশুরাম এবং ছাগলনাইয়া উপজেলায় ইতোমধ্যে সকল খাতের অবিনিয়োগকৃত সমুদয় অর্থ বিনিয়োগ করার কথা থাকলেও দীর্ঘদিন যাবত কোন প্রকার বিনিয়োগ করা হয়নি। এছাড়াও নতুন বরাদ্দকৃত অর্থও কিছু কিছু উপজেলায় অবিনিয়োগ রয়েছে। তিনি সকলের নিকট বিনিয়োগের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে কর্মকর্তাগণ নিম্নলিখিত তথ্য সভাকে অবহিত করেন:- ১) পরশুরাম উপজেলা সমাজসেবা অফিসার জানান আর.এস.এস প্রকল্পের আওতায় ২টি গ্রাম জরিপসহ স্কীম প্রস্তুত করা হয়েছে শীঘ্রই ঋণ বিতরণ করা হবে। আর.এম.সি খাতে ৪,০০,০০০/- টাকা অবিনিয়োগ রয়েছে। লোকবলের স্বল্পতার কারণে বিনিয়োগ করা সম্ভব হচ্ছেনা। ২) ছাগলনাইয়া উপজেলায় মাতৃকেন্দ্রের স্কীম প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরের অপেক্ষায় আছে। তালিকা পাওয়া গেলেই বিতরণ করা সম্ভব হবে। ৩) ফুলগাজী ও ফেনী সদর উপজেলায় ৩,৭৫,০০০/- টাকা হারে নতুন অর্থ বরাদ্দ পাওয়া যায়, যা অবিনিয়োগকৃত রয়েছে। সভাপতি আরও জানান ইতোমধ্যে ১৫/৩/২০২৩খ্রি. তারিখের মধ্যে মাতৃকেন্দ্রের বরাদ্দ, বিতরণ ও হালনাগাদ অবস্থা সম্পর্কিত প্রতিবেদন চাওয়া হয়েছিল যার প্রেক্ষিতে শুধুমাত্র ফেনী সদর ও ফুলগাজী উপজেলা হতে তথ্য পাওয়া যায়। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। **সিদ্ধান্ত:-** ১) পরশুরাম এবং ছাগলনাইয়া উপজেলা দীর্ঘদিন অবিনিয়োগকৃত অর্থ বিনিয়োগ করার সিদ্ধান্তের পরও অবিনিয়োগের যথাযথ কারণ ব্যাখ্যাপূর্বক জেলা কার্যালয়ে পত্র দাখিল করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার (সকল)

পাতা-০২

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		২) আর.এস.এস কার্যক্রমের সমুদয় অর্থ আবিশ্যিকভাবে চলতি মাসের ২০ তারিখের মধ্যে বিনিয়োগ সম্পন্ন করে শূন্য প্রতিবেদন দাখিল করতে হবে। ৩) প্রত্যেক মাসের মাসিক রিপোর্ট বিনা ব্যার্থতায় ২৫ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় সদর দফতরে সংশ্লিষ্ট ইউনিটের তথ্য ব্যতিত রিপোর্ট প্রেরণ করা হবে এবং সে সাথে উক্ত কার্যালয়কে কারণ ব্যাখ্যা করতে হবে। ৪) মাতৃকেন্দ্রের সম্পাদিকাদের সম্মানি যথাসময়ে বিতরণ করতে হবে। সে সাথে অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগের রিপোর্ট প্রদান করতে হবে। ৫) মাতৃকেন্দ্রের সম্পাদিকার কাজ তদরকি করতে হবে। প্রয়োজনে বিভিন্ন নির্দেশনা প্রদানপূর্বক পত্র প্রেরণ করতে হবে। ৬) ছাগলনাইয়া উপজেলার আশ্রয়নের হালনাগাদ সরজমিন পরিদর্শন প্রতিবেদন আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। ৭) মাতৃকেন্দ্র খাতে বরাদ্দকৃত নতুন অর্থ আগামী মাসের মধ্যে পরিকল্পনা গ্রহণপূর্বক বিতরণ করতে হবে। হবে। ৮) ইউএসএসওগণ প্রতিমাসে কমপক্ষে ০৫টি প্রকল্প গ্রামে (আর.এস.এস.-০৩টি ও আর.এম.সি - ০২টি) ভিজিট করতে হবে এবং রেজুলেশনসহ প্রতিবেদন দাখিল করতে হবে। প্রকল্প গ্রামে সাইনবোর্ড থাকতে হবে। সাইনবোর্ডে "বাস্তবায়নে উপজেলা সমাজসেবা কার্যালয়" লিখা থাকতে হবে। প্রকল্প গ্রামে রেজিষ্টারগুলি দেখার জন্য নির্দেশ প্রদান করা হয়। বাল্য বিবাহ, যৌতুক, নারী শিশু পচার রোধ, শিশু সুরক্ষা আইন সম্পর্কে প্রকল্প গ্রামে আলোচনা করতে হবে। ৯) ব্যাংক সুদের হিসাব নিরূণয় করে কেন্দ্রীয় হিসাবে স্থানান্তর পূর্বক সদর দফতরে ২০% অর্থ প্রেরণ নিশ্চিত করতে হবে। ১০) আগামী সভার পূর্বে দক্ষ ও প্রতিবন্ধী ঋণ কার্যক্রমের ইউনিয়ন ভিত্তিক হিসাব খুলে এবং কমপক্ষে ১৫,০০০/- টাকা বিনিয়োগযোগ্য থাকলে তা বিতরণ করে শুন্য প্রতিবেদন আগামী সভায় উপস্থান করতে হবে।	
৪	শহর সমাজসেবা কার্যক্রম সমন্বয় পরিষদ সংক্রান্ত আলোচনা।	সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, নতুন ট্রেডে চুক্তিভিত্তিক ব্যাচ চালু করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। **সিদ্ধান্ত:** নতুন ট্রেডের বিষয়ে আরও যুযোপযোগী কি ধরণের প্রশিক্ষণ কার্যক্রম চালু করা যায় তা সমন্বয় পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।	ইউসিডি কর্মকর্তা।
৫	সরকারি শিশু পরিবার, ছাগলনাইয়া ফেনী সম্পর্কিত আলোচনা।	উপ তত্ত্বাবধায়ক জানান যে, শিশু পরিবারের কার্যক্রম স্বাভাবিক আছে। খন্ডকালীন ডাক্তার নিয়োগের চেষ্টা চলমান আছে। কোন ডাক্তার এ ধরণের নিয়োগে আগ্রহী হচ্ছেনা। তিনি আরও জানান ইতোমধ্যে অনুষ্ঠিত বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় নিবাসীগণ বিভিন্ন ইভেন্টে ১ম বিভাগে ৪টি, ২য় বিভাগে ৪টি এবং ৩য় বিভাগে ২টি পুরষ্কার লাভ করে। সিদ্ধান্ত: ১) এপ্রিলের মধ্যে দরপত্র দাখিলের প্রস্তুত গ্রহণ করতে হবে। ২) যথাযথ মর্যাদায় আগামী ১৭ মার্চ জাতীয় শিশু দিবস ও ২৬ মার্চ দিবস উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩) শিশু পরিবারে বসবাসরত নিবাসীগণ অন্যত্র যাতে কোন প্রকার কাজকর্মে জড়িত হতে না পারে সে ব্যপারে সজাগ দৃষ্টি রাখতে হবে।	উপতত্ত্বাবধায়ক সরকারি শিশু পরিবার, ছাগলনাইয়া, ফেনী।
৬	হাসপাতাল সমাজসেবা কার্যক্রম ও উপজেলা রোগী কল্যাণ সমিতি সম্পর্কিত আলোচনা।	সভাপতি জানান ইতোমধ্যে জেলা ও বিভিন্ন উপজেলা রোগীকল্যাণ সমিতি সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য উপজেলায়ও রোগীকল্যাণ সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত করণ সভা আয়োজন করা প্রয়োজন। **সিদ্ধান্ত:** মার্চ/২৩ মাসের মধ্যে রোগী কল্যাণ সমিতির অবহিতকরণ সভা আয়োজন সম্পন্ন করতে হবে।	সমাজসেবা কর্মকর্তা, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল) ফেনী
৭	জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটির তহবিল বিষয়ে আলোচনা	সভাপতি জাতীয় সমাজকল্যাণ পরিষদের অর্থায়নে ঘর নির্মাণের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে অফিসারগণ নিম্নবর্ণিত তথ্য সভায় উপস্থাপন করেন। ১) দাগনভুঞা উপজেলায় নতুন বরাদ্দকৃত ঘর নির্মাণের জন্য সরকারি জায়গা পাওয়া যাচ্ছেনা এবং ইউএনও মহোদয় পুনরায় জায়গার পাওয়ার জন্য চেষ্টা করছেন মর্মে সভায় অবহিত করা হয়। ২) সোনাগাজী উপজেলায় পূর্বের বরাদ্দকৃত ঘর নির্মাণ সম্পন্ন হয়েছে। নতুন বরাদ্দকৃত ২টি ঘর বাবদ মঞ্জুরীকৃত অর্থ দ্বারা ঘর নির্মাণ করা সম্ভব নয় মর্মে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানিয়ে দেন। **সিদ্ধান্ত:** ১) দাগনভুঞা উপজেলায় দ্রুত ঘর নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) সোনাগাজী উপজেলায় মঞ্জুরীকৃত অর্থের মধ্যেই সমন্বয় করে ঘর নির্মাণ সম্পন্ন করতে হবে। সম্ভব না হলে যৌক্তিকতাসহ লিখিতভাবে জানাতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদর ব্যতীত সকল উপজলা
৮	প্রবেশন কার্যক্রম সম্পর্কিত আলোচনা।	প্রবেশন কর্মকর্তা জানান ইতোমধ্যে অপরাধী সংশোধন ও পুণর্বাসন সমিতির কমিটি গঠনের জন্য ১১ জন নতুন সদস্য বৃদ্ধি করা হয়েছে। আরও কয়েকজন প্রার্থী সদস্য হতে আগ্রহ প্রকাশ করেছেন। **সিদ্ধান্ত: ১)** দ্রুত হালনাগাদ কমিটি গঠন চুড়ান্ত করে অনুমোদন গ্রহণ করতে হবে। ২) আদালত হতে প্রাপ্ত প্রত্যেক উপজেলায় প্রবেশন মামলার তদন্তের একটি কপি জেলা অফিস এবং একটি কপি প্রবেশন কর্মকর্তা বরাবরে প্রেরণ করতে হবে।	প্রবেশন কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল)।
৯	দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম সম্পর্কিত আলোচনা	সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, সার্বক্ষনিক কর্মকর্তা এবং প্রয়োজনীয় জনবল চেয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত সদর দফতর হতে কোন লোকবল পোস্টিং প্রদান করা হয়নি। **সিদ্ধান্ত:** প্রয়োজনীয় লোকবলের চাহিদা দিয়ে পুনরায় পত্র লিখার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রতিষ্ঠানটি পাহারা এবং নিরাপত্তার বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।	রিসোর্স শিক্ষক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান
১০	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র।	কর্মকর্তা জানান ইতোমধ্যে ৫০টি হুইল চেয়ার পাওয়া যায়। যা দ্রুত বিতরণ করা প্রয়োজন। সভাপতি কোন উপজেলায় চাহিদা থাকলে দ্রুত আবেদন প্রেরণের অনুরোধ জানান। **সিদ্ধান্ত: ১)** কোন উপজেলায় হুইল চেয়ারের চাহিদা থাকলে দ্রুত আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা।

পাতা-০৩

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১১	ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যাক্তিদের পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান প্রকল্প	সভাপতি জানান ইতোমধ্যে ভিক্ষুক পুণর্বাসন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে ইতোমধ্যে কয়েকটি উপজেলায় ভিক্ষুক পুনর্বাসন করা হয়েছে। পরশুরাম এবং ছাগলনাইয়া উপজেলায় পুনর্বাসন কার্যাক্রম বাস্তবায়ন করা হয়নি। **সিদ্ধান্ত:** ১) প্রতিমাসে কমপক্ষে ২টি করে পুনর্বাসিত ভিক্ষুকের কার্যক্রম পরিদর্শন করে ছবিসহ বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। ২) ছাগলনাইয়া, সোনাগাজী ও পরশুরাম উপজেলায় দ্রুত ভিক্ষুক পুনর্বাসন কাযক্রম বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১২	বিবিধ	বিবিধ আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:- ১। ইতোমধ্যে কমিউনিটি ডায়লগ অনুষ্ঠান সম্পন্ন করার বিল ভাউচার বিভাগীয় কার্যালয়ে সরাসরি পাঠাতে হবে। ২। এসডিজি ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয়ক সভা করতে হবে (ছাগলনাইয়া, সোনাগাজী এবং দাগনভূঞা) ৩। অডিট আপত্তি অনুচ্ছেদ-১ এর জবাব পরশুরাম উপজেলা হতে দ্রুত প্রেরণ করতে হবে। ৪। শুদ্ধাচার বাস্তবায়নের নিমিত্তে সকলকে আন্তরিক ও সচেষ্ট থাকতে হবে। কোনভাবেই শুদ্ধাচারের পরিপন্থি কোন কাজ করা যাবে না। ৫) স্বেচ্ছাসেবী সংস্থার কমিটি অনুমোদনের নিমিত্তে উপজেলা কার্যালয়ে দাখিলকৃত আবেদন সম্পূর্ণ যাচাই বাছাই করে সঠিক আবেদন নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৬) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় রোগীদের নিকট হতে প্রাপ্ত আবেদন প্রতিমাসে যাচাই বাছাই পূর্বক জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	

অতঃপর আর কোন আলেচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাইফুল ইসলাম চৌধুরী)
উপপরিচালক
ও
সভাপতি

স্মারক নং- ৪১.০১.৩০০০.০০০.০৬.০০৯.১০.- তাং- ০২/০৪/২০২৩খ্রি.।

কপি বিতরণ:
সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, বাংলাদেশ, ঢাকা।

৩। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম।

৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ... (সকল), ফেনী।

৫। উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার, ছাগলনাইয়া, ফেনী।

৬। সমাজসেবা কর্মকর্তা, শহর/হাসপাতাল সমাজসেবা কার্যালয়, ফেনী।

৭। প্রবেশন কর্মকর্তা, প্রবেশন কার্যালয়, ফেনী।

৮। রিসোর্স শিক্ষক, সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী কার্যক্রম, পাঁচগাছিয়া, ফেনী।

৯। প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ফেনী।

১০। অফিস নথি।

02/04/2023

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
ফেনী।